তথ্য মন্ত্রণালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ এর কার্যক্রম (Activities) ৫.৩ এর আওতায় গৃহীত তথ্য মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকাঃ

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ টেলিভিশন

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | বিটিভি মোবাইল এপ্স চালু | বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমূহ সরাসরি ঢাকা কেন্দ্র থেকে ১৪টি কেন্দ্র/উপকেন্দ্রের মাধ্যমে টেরেস্ট্রিয়াল সম্প্রচার করা হয়ে থাকে। বিটিভির অনুষ্ঠানসমুহ প্রচারের বিষয়ে বিভিন্ন সংবাদপত্র, ওয়েবসাইট ও অনুষ্ঠানসুচি ঘোষণার মাধ্যমে বিটিভির দর্শকগণ প্রচারিতব্য অনুষ্ঠান সম্পর্কে জানতে পারেন। ডিজিটাল প্রযুক্তির সাথে তাল মিলিয়ে বাংলাদেশ টেলিভিশনের অনুষ্ঠানসমুহ দর্শকদের নিকট সহজে পৌছে দিতে মোবাইল এপ্স চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | বর্তমান ইন্টারনেট ও মোবাইলের যুগে এদেশের অধিকাংশ জনগন ফেসবুক, ইউটিউব ও টুইটার ব্যবহার করে থাকে। মোবাইল ব্যবহারকারী এবং প্রত্যন্ত এলাকার দর্শকদের বিনোদনের মাধ্যম সহজ করার লক্ষ্যে প্রচারিত অনুষ্ঠানসমূহ, অনুষ্ঠানের সকল আপডেট/ঘোষণা মোবাইল এপ্স এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হয়। ফলে বিটিভির প্রচারিত অনুষ্ঠনসমূহের সংবাদ মোবাইল এপ্স ব্যবহারকারী জনগণের নিকট সহজে পৌঁছে যাচ্ছে এবং এতে বিটিভির দর্শকপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। |
| ০২ | সংবাদের থিমেটিক ব্যাকগ্রাউন্ড | বাংলাদেশ টেলিভিশনের সংবাদ নিজস্ব রিপোর্টার ও জেলা সংবাদ প্রতিনিধিদের পাঠানো তথ্যের উপ ভিত্তি করে প্রচার করা হয়ে থাকে। পূর্বে প্রচারিত তথ্যসমূহ বর্ণনা ভিত্তিক ছিল বিধায় দৃষ্টিগ্রাহ্য ও আকর্ষণীয় ছিলনা। বিটিভির সংবাদ আকর্ষণীয় ও দৃষ্টিগ্রাহ্য করতে থিমেটিক ব্যাকগ্রাউন্ডের মাধ্যমে সংবাদ প্রচারের উদ্যোগ নেয়া হয়েছে। | বিটিভির বিদ্যমান সংবাদসমূহকে আধুনিক ও যুগোপযোগী করার অংশ হিসেবে প্রচারিত সংবাদের পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ের ছবি/ভিডিও ফুটেজ স্ক্রীনে প্রদর্শন করা হয়। বিটিভিতে যখন যে বিষয়ের সংবাদ সম্প্রচারিত হয় তখন ব্যাকগ্রাউন্ড স্ক্রিনে সে বিষয়ের আবহচিত্র ফুটে উঠে। ফলে বিটিভির প্রচারিত সংবাদসমুহ জনগনের নিকট দৃষ্টিগ্রাহ্যভাবে পৌছে যাচ্ছে। এবং বিটিভির দর্শকপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। |
| ০৩ | অনলাইন গেটপাস চালু | বিটিভিতে মূলত: চার ধরনের পাস ইস্যু করা হয়। যথা- ক) কন্ট্রোলরুম পাস খ) স্টুডিও পাস গ) টিভি অফিস পাস ঘ) ভিজিটর পাস। পাস প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ আগত অতিথি, শিল্পী/কলাকুশলীদের নামে পূর্বেই পাস ইস্যু করে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হতো। আগত অতিথি, শিল্পী/কলাকুশলীগণ উক্ত পাস সংগ্রহপূর্বক বিটিভি ভবনে উপস্থিত হয়ে থাকেন। অভ্যর্থনাকক্ষ হতে পাস যাচাই বাছাইপূর্বক প্রবেশের অনুমতি প্রদান করা হয়। ফলে আগত অতিথি, শিল্পী/কলাকুশলীদের নানারকম বিড়ম্বনায় পড়তে দেখা যায়। বাংলাদেশ টেলিভিশনের বর্তমান ম্যানুয়্যাল গেটপাশ সিস্টেমকে যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে অফিস অটোমেশন সিস্টেমের আওতায় ইলেকট্রনিক গেটপাশ ইস্যুইং সিস্টেম চালুর উদ্যোগ নেয়া হয়। | বিটিভির পাস প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ আগত অতিথি, শিল্পী/কলাকুশলীদের নামে প্রয়েজনীয় তথ্যসহ (মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি) সফটওয়্যারের মাধ্যমে একটি গেটপাস প্রেরণ করেন। উক্ত তথ্যের ভিত্তিতে রিসিপশন ডেস্কে কর্তব্যরত কর্মকর্তা/কর্মচারীগণ অতিথির তথ্য যাচাই ও ছবি ক্যাপচারপূর্বক তাঁকে একটি ভিজিটর কার্ড ইস্যুর মাধ্যমে বিটিভি ভবনের অভ্যন্তরে প্রবেশের পদক্ষেপ নেন। অনলাইন গেট পাশ চালু করায় দর্শণার্থী/শিল্পীদের সময় ও বিড়ম্বনা হ্রাসসহ সেবার মান এবং কাজের গতি বৃদ্ধি পেয়েছে। |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ বেতার

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | অনলাইন অডিশন ম্যানেজমেন্ট সিস্টেম | ক্রীড়া ধারাভাষ্যে আগ্রহীগণ অনলাইনে আবেদন করতে পারছেন। | অনলাইন অডিশন ম্যানেজমেন্ট সিস্টেমে বাণিজ্যেক কার্যক্রমের আওতায় ক্রীড়া ধারাভাষ্যে আগ্রহীগণ অনলাইনে আবেদন করতে পারছেন। বাস্তবায়ন অগ্রগতি ৫০% |
| ০২ | ঋদ্ধ বেতার | বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্রের সকল অনুষ্ঠান পরিকল্পনা প্রণয়ন, প্রস্তাবনা তৈরি, চুক্তিপত্র তৈরিসহ দৈনন্দিন সকল কাজ সম্পাদন। | বাংলাদেশ বেতারের রাজশাহী কেন্দ্রের সকল অনুষ্ঠান পরিকল্পনা প্রণয়ন, প্রস্তাবনা তৈরি, চুক্তিপত্র তৈরিসহ দৈনন্দিন সকল কাজ সম্পাদন। স্বয়ংক্রিয়ভাবে বাস্তবায়ন অগ্রগতি ৬০% |

অধিদপ্তরের নামঃ গণযোগাযোগ অধিদপ্তর

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | ইউটিউবে ডকুমেন্টারি, উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে স্থানীয় ব্যাপক জনগোষ্ঠীকে প্রদর্শনের ব্যবস্থাকরণ। | ইউটিউবে ডকুমেন্টারি, উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করে ব্যাপক জনগোষ্ঠীকে দেশের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করা। | ইউটিউবে ডকুমেন্টারি উদ্বুদ্ধকরণ চলচ্চিত্র আপলোড করার ফলে জনগণ চলচ্চিত্র/বিনোদন উপভোগের মাধ্যমে জনসচেতনতামূলক বার্তা সহজে পচ্ছেন। |
| ০২ | এলইডি স্ক্রিন স্থাপনের মাধ্যমে প্রচার কার্যক্রম বাস্তবায়ন। | এলইডি স্ক্রিন স্থাপন করে জনগুরুত্বপূর্ণ বার্তা আপলোড করে জনসাধারণকে সচেতন করা। | এলইডি স্ক্রিনে বার্তা প্রচারের মাধ্যমে জনগণকে সহজে গুরুত্বপূর্ণ বার্তা/তথ্য দেয়া সম্ভব হচ্ছে। |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | Mobile Apps | BSSNews নামে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর একটি Mobile Apps তৈরি করে মোবাইলের মাধ্যমে বাসস'র পরিবেশিত সকল সংবাদ সরাসরি জনগণকে অবহিত করার লক্ষ্যে Mobile Apps তৈরি করা হবে। | Mobile Apps তৈরি হলে সাধারণ জনগণ সরকারের সকল উন্নয়ন কর্মকান্ডের তথ্যসহ দেশ ও বিদেশের তাৎক্ষনিক সংবাদ সরাসরি জানতে পারবে। তথ্য পেয়ে সাধারণ জনগণ সচেতন হবে এবং সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে ধারণা পাবে। |

অধিদপ্তরের নামঃ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | **নিমকোর প্রশিক্ষণ কার্যক্রম ডিজিটালাইজেশন**<br><br>ক) প্রশিক্ষণার্থীদের অনলাইনে নিবন্ধন ও তথ্য ভান্ডার প্রস্তুত<br>খ) প্রতিটি পাঠ্যধারায় সম্পদব্যক্তির জন্য সেশন আউটলাইন তৈরিকরণ ও প্রদান<br>গ) ডিজিটাল পদ্ধতিতে সম্পদব্যক্তি মূল্যায়ন সম্পন্ন<br>ঘ) ডিজিটাল পদ্ধতিতে পাঠ্যধারা মূল্যায়ন সম্পন্ন<br>ঙ) সনদপত্রে QR কোড স্থাপন | এ সংক্রান্ত একটি সফ্টওয়্যার প্রস্তুত করা হবে যাতে নিম্নোক্ত কার্যাদি ডিজিটালভাবে সম্পাদন করা হবে:<br><br>ক) ইনস্টিটিউটের বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীর তথ্য পাঠ্যধারার শুরুতেই অনলাইনে এন্ট্রি করা হবে। এই তথ্যের ভিত্তিতে পরবর্তীতে কতজন বা কোন কোন প্রশিক্ষণে আংশগ্রহণ করছে তা সহজে প্রতিবেদন আকারে পাওয়া যাবে এবং সংরক্ষিত থাকবে।<br>খ) এছাড়া একটি Topics-এর কোন কোন বিষয় সেশনে আলোচনা হবে তা নির্দিষ্ট করে অনলাইনে সম্পদব্যক্তিদের কাছে তা সেশনের পূর্বে পাঠানো যাবে।<br>গ) অনলাইনে সম্পদব্যক্তির মূল্যায়ন করা যাবে এবং তা কোর্স সমাপনান্তে চার্ট আকারে উপস্থাপন করা হবে।<br>ঘ) অনলাইনে পাঠ্যধারার মূল্যায়ন করা যাবে এবং তা কোর্স সমাপনান্তে চার্ট আকারে উপস্থাপন করা হবে।<br>ঙ) প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে যেসকল প্রশিক্ষণার্থী উত্তীর্ণ হবে কেবলমাত্র তাঁদের সনদপত্র QR Code যুক্ত হয়ে প্রিন্ট হবে যা যেকোন যায়গা থেকে Online-এ এর সঠিকতা যাচাই করা যাবে। | কার্যক্রম চলমান। |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১<br><br><br>০২ | অনলাইন ফটো গ্যালারী ও পেমেন্ট সিস্টেম।<br><br>ডিজিটাল বুক সেলফ ও পেমেন্ট সিস্টেম। | ১। ইমেজ সেবা প্রদান : ইমেজ সংক্রান্ত সেবা গ্রহণে আবেদনপত্র প্রদান করতে হয়;<br>২। ম্যানুয়াল পদ্ধতিতে রেজিস্টার থেকে অনুসন্ধান করে তথ্য প্রদান;<br>৩। আবেদনপত্র গৃহীত হলে পুনরায় এসে সেবা গ্রহণ এবং ম্যানুয়াল পদ্ধতিতে মূল্য পরিশোধ।<br>৪। প্রকাশিক বই সম্পর্কিত সেবা প্রদান: বই সম্পর্কিত তথ্য জানা এবং ক্রয় করতে উপস্থিতি জরুরী; টাকা গ্রহণ পদ্ধতি ম্যানুলয়াল; সুতরাং সমস্যা নিম্নরূপ: ডিজিটাল ডাটাবেইজ নাই; ম্যানুয়াল রেজিস্টার পদ্ধতি অবলম্বন; ম্যানুয়াল আবেদনপত্র প্রেরণ; ম্যানুয়াল চালান প্রত্রের মাধ্যমে বিক্রয়; উপস্থিতি প্রয়োজন; | ১। অনলাইনে আবেদনপত্র (উদ্দেশ্য প্রদান বাধ্যতামূলক);<br>২। ইমেজ এবং বুক পিডিএফ দুটি লিংক বা উইন্ডো; ওয়েবসাইট লিংক প্রদান; ফেসবুক/সামাজিক যোগাযোগ এর মাধ্যমে প্রচারণা ও নির্দেশিকা প্রদান; নির্দেশিকা ওয়েব পোর্টালে সংযোজন;<br>৩। ইমেজ এর লো রেজুলেশন প্রদর্শন ও হাই রেজুলেশন ডিসপ্লে ক্রয় করার জন্য ই-পেমেন্ট সিস্টেমে পেমেন্ট প্রদান।<br>৪। পিডিএফ বই এর ঝাপসা মোড;<br>৫। বই এর অর্ডার নেয়া এবং কুরিয়ারে প্রেরণ ও এসএমএস প্রেরণ;<br>ফলে উদ্ভাবনী পাইলটিং প্রকল্পের উদ্দেশ্য সময়, মূল্য, ভিজিট কমবে এবং কাজের কোয়ালিটি বৃদ্ধি পাবে। |

১৩৬২

অধিদপ্তরের নামঃ প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ

## পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধকল্পে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজ তৈরি করা | প্রশিক্ষণার্থী নির্বাচনে পুনরাবৃত্তি রোধ হবে। পিআইবি'র প্রশিক্ষণে একজন সাংবাদিক একই বিষয়ে একাধিকবার অংশগ্রহণের সুযোগ পাবেনা। | প্রশিক্ষণ আওতার বাইরের সাংবাদিকরা সুযোগ পাবে এবং অর্থের যথাযথ ব্যবহার সম্ভব হবে। |
| ০২ | অনলাইনে সাংবাদিকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা | দেশ ও দেশের বাইরে সাংবাদিক ও সাংবাদিকতায় আগ্রহীরা অনলাইন শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারবে। এতে সময়, খরচ, যাতায়াত কমে যাবে। | কম খরচে অধিক সংখ্যক জনগোষ্ঠীকে প্রশিক্ষণ সেবা প্রদান করা সম্ভব হবে। |
| ০৩ | পিআইবি গ্রন্থাগারের সকল বইয়ের ক্যাটালগ কম্পিউটারাইজড করা | নতুন পদ্ধতিতে সেবাগ্রহীতার প্রয়োজনীয় বইটি পিআইবি লাইব্রেরিতে আছে কিনা তা জানা যাবে। | সেবা প্রদান প্রক্রিয়া সহজ হবে এবং গ্রাহকদের সময় ও সেবা গ্রহণের ভোগান্তি কমবে। |
| ০৪ | পিআইবি'র মোবাইল এপ্লিকেশন তৈরি | মোবাইলের মাধ্যমে পিআইবি'র তথ্যাদি পেতে সহজ হবে। | হাতের মুঠোয় পিআইবি'র তথ্যাদি পাবে ফলে গ্রহকদের ভোগান্তি কমবে। |
| ০৫ | নিরীক্ষার বিতরণ ব্যবস্থার উন্নয়ন | নিরীক্ষা ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | নতুন পদ্ধতিতে সেবাগ্রহীতা দ্রুততম সময়ে নিরীক্ষা পাবে। ফলে সেবা প্রদান প্রক্রিয়া সহজ হবে এবং গ্রাহকদের সময় ও সেবা গ্রহণের ভোগান্তি কমবে। |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ প্রেস কাউন্সিল

## পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ/ফলাফল |
|---|---|---|
| ০১ | মামলার কার্যতালিকা অনলাইনে প্রকাশ | কোন সংবাদপত্র বা সম্পাদক বা সাংবাদিক কর্তৃক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে সাংবাদিকতার নীতি নৈতিকতা বিরোধী সংবাদ প্রচারের ফলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুব্ধ হয়ে প্রেস কাউন্সিল এক্ট ১৯৭২ এর ১২ ধারা অনুযায়ী কাউন্সিলে মামলা করতে পারেন। যা পরবর্তীতে যথাক্রমে উভয়পক্ষের লিখিত জবাব, প্রতিউত্তর দাখিল ও শুনানী করে রায় প্রদানের মাধ্যমে নিষ্পত্তি করা হয়। এক্ষেত্রে ফরিয়াদী বা প্রতিপক্ষ উভয়েই মামলার আপডেট অবস্থা সম্পর্কে জানার জন্য দপ্তরে সশরীরে আসতে হয়।<br>এছাড়া জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কোন সংবাদপত্রের ডিক্লারেশন প্রদানে অস্বীকৃতি বা ডিক্লারেশন বাতিল করা হলে প্রিন্টিং প্রেসেস এন্ড পাবলিকেশন্স (ডিক্লারেশন এন্ড রেজিস্ট্রেশন) এক্ট, ১৯৭৩ এর ১২ ও ২০ ধারা বলে উক্ত পত্রিকার সম্পাদক বা প্রকাশক প্রেস এপিলেট বোর্ডে আপিল মামলা করতে পারেন। উক্ত আপিল মামলার আপডেট অবস্থা সম্পর্কে জানার জন্যও ফরিয়াদী ও প্রতিপক্ষ উভয়কেই দপ্তরে সশরীরে আসতে হয়।<br>কাউন্সিলে দায়েরকৃত এসব মামলার কার্যতালিকা কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হলে ফরিয়াদি বা প্রতিপক্ষসহ যেকেউ দায়েরকৃত মামলার বিষয়বস্তু, মামলার ফরিয়াদি ও প্রতিপক্ষের নাম, মামলার সর্বশেষ অবস্থা, শুনানীর তারিখ ইত্যাদি অনায়াসে যেকোনো জায়গায় বসে জানতে পারবেন। |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | সিনেমা ই-এন্ট্রি। | • অনলাইনে চলচ্চিত্র নির্মাণ ফর্ম পূরণ।<br>• আবেদন ফর্ম যাচাই (প্রয়োজনীয় কাগজপত্র যাচাই বাছাই)।<br>• হ্যাঁ হলে, জামানত সাপেক্ষে অনুমোদন।<br>• চুক্তিপত্র।<br>• মোবাইল নোটিফিকেশন।<br>• কাঙ্খিত সেবার অর্থ পরিশোধ।<br>• মোবাইল ও ই-মেইলে নোটিফিকেশন।<br>• সমাপ্তি। | নির্মাতাদের সেবা সহজীকরণ। |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | সেন্সরশিপ ট্রেলার আবেদন ফরম | সেন্সরশিপ ট্রেলার অনলাইন আবেদনের জন্য<br>১. ইন্টারনেট সংযোগ<br>২. পরীক্ষণের জন্য মূল্য হিসাব<br>৩. অনলাইন জমা রশিদ<br>৪. এডমিন প্যানেল<br>৫. এপ্লিকেশন ট্র্যাকিং | ঘরে বসে আবেদন করা যাবে। এতে সময় ও অর্থ সাশ্রয় হবে। |
| ০২ | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড (BFCB) নামে লোগো তৈরি করা। | লোগো একটি দপ্তরের নিজস্ব পরিচিতি বহন করে। তাই এ দপ্তরের কাজের সাথে সংগতিপূর্ণ একটি লোগো তৈরি করা যেতে পারে। | ১. লোগোতে অফিসের একটি বিশেষ পরিচিতি বয়ে আনবে।<br>২. লোগো দেখে অফিসের কাজের প্রকৃতি বুঝা যাবে। |

অধিদপ্তরের নামঃ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | দৈনিক পত্রিকার নিবন্ধন প্রক্রিয়ার অটোমেশন | • পত্রিকার নামের ছাড়পত্রের জন্য ওয়েবসাইটে গিয়ে লগইন করে নাম বুক করবে।<br>• পত্রিকার কপি জমা দিলে তার পত্রিকার নামের আইকনে ক্লিক করলে সংশ্লিষ্ট দিনের তারিখ এন্ট্রি হয়ে যাবে এবং ঐ তারিখের পত্রিকা জমা দেওয়া হয়েছে বলে গৃহীত হবে।<br>• যদি সপ্তাহের শেষে দেখা যায় যে কোন একটি পত্রিকার কোন একদিন কপি জমা দেওয়া হয়নি/কোন তারিখে পত্রিকার কপি জমা না হয় তবে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস চলে যাবে।<br>• দিন শেষে প্রাপ্ত তালিকা পিডিএফ করে ই-ফাইলিং হিসেবেই তা নিয়ে ফেরত যাবে এবং স্থায়ী ডকুমেন্ট হিসেবে সংরক্ষিত হবে।<br>• এ প্রকল্প সম্পন্ন করতে আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন হবে।<br>• এ প্রকল্পের মেয়াদ জুন/২০১৯ এর মধ্যে সম্পন্ন হবে। | প্রোগ্রাম ডেভেলপের কাজ চলমান |

অধিদপ্তরের নামঃ বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | লাইব্রেরি সেবা অনলাইনকরণ। | লাইব্রেরি সেবা অনলাইনকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | কার্যক্রম চলমান রয়েছে। |
| ০২ | বিসিটিআই-এর প্রশিক্ষণার্থীদের নির্মিত চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান/প্রোডাকশনগুলো অনলাইন ইউটিউব লিঙ্ক-এর মাধ্যমে আপলোডকরণ। | বিসিটিআই-এর প্রশিক্ষণার্থীদের নির্মিত মোট ৪২টি চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান/প্রোডাকশন অনলাইন ইউটিউব লিঙ্ক-এর মাধ্যমে আপলোডকরণ সম্পন্ন হয়েছে। | ১০০% |
| ০৩ | বিসিটিআই-এর ২০১৮-১৯ অর্থবছরের জার্নালসমূহ অনলাইন পোর্টালে আপলোডকরণ। | বিসিটিআই-এর ২০১৮-১৯ অর্থবছরের জার্নালসমূহ অনলাইন পোর্টালে আপলোডকরণ করা হয়েছে। | কার্যক্রম চলমান রয়েছে। |
| ০৪ | চলমান কোর্সসমূহের দৈনন্দিন ক্লাসরুটিন শিক্ষার্থীদের জন্য অনলাইনে প্রদান। | চলমান কোর্সসমূহের দৈনন্দিন ক্লাসরুটিন শিক্ষার্থীদের জন্য অনলাইনে প্রদান করা হয়েছে। | ১০০% |
| ০৫ | বিসিটিআই-এর প্রশিক্ষণ ক্যালেন্ডার অনলাইনে প্রদান। | বিসিটিআই-এর প্রশিক্ষণ ক্যালেন্ডার অনলাইনে প্রদান হয়েছে। | ১০০% |

অধিদপ্তরের নামঃ তথ্য অধিদফতর

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | ক্যাপশনসহ ছবি সংরক্ষণ | • তথ্য অধিদফতরে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মন্ত্রিবর্গসহ ভিভিআইপিগণের সরকারি কার্যক্রমের ছবি সংরক্ষণ করা হয়।<br>• সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের ছবি ।<br>• আধুনিক পদ্ধতিতে ক্যাপশনসহ এসকল ছবির সফটকপি ক্যাটালগিং করে সংরক্ষণ করা।<br>(বিদ্যমান বাজেট ও জনবলের সহায়তায় কাজের অগ্রগতি ৮০%) | • ডিজিটাল আর্কাইভিং এর মাধ্যমে ক্যাপশনসহ এসকল ছবি স্থায়ীভাবে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে।<br>• সাল, মাস, তারিখসহ বিষয়ভিত্তিক এসকল ছবি ক্যাপশনসহ সংরক্ষণ করা হচ্ছে।<br>• যে কোন প্রয়োজনে কোড বা তারিখ দিয়ে নির্দিষ্ট ছবি দ্রুত খুঁজে পাওয়া সম্ভব হচ্ছে।<br>• তথ্য অধিদফতরের সংরক্ষিত ছবিসমূহ ওয়েবসাইটে প্রদর্শন করা সহজ হচ্ছে।<br>• সেবা গ্রহীতা দ্রুতমত সময়ে সেবা পাচ্ছেন। |
| ০২ | ক্লিপিংস সংরক্ষণ | • তথ্য অধিদফতরে জাতীয় পত্রিকার ক্লিপিংস সংরক্ষণ পদ্ধতি ম্যানুয়েল। হার্ডকপি সংরক্ষণ করা হলেও পরবর্তীতে খুঁজে বের করা কষ্টসাধ্য হয়ে পড়ে;<br>• সংরক্ষিত পেপার ক্লিপিংস দীর্ঘদিন সংরক্ষণ করা সম্ভব হয়না কারণ কাগজের স্থায়িত্ব কম। ফলে দ্রুত সংরক্ষিত পেপার ক্লিপিংস নষ্ট হয়ে যায়।<br>• সফটকপিতে সংরক্ষণ করার ফলে স্থান সংকুলানসহ দ্রুত খুঁজে পাওয়া সম্ভব এবং এর স্থায়িত্ব বেশি। এগুলো নিয়ে গবেষণা ও সংবাদ মূল্যায়নধর্মী বিষয়ভিত্তিক কাজ করা।<br>• (বিদ্যমান বাজেট ও জনবলের সহায়তায় কাজের অগ্রগতি ৭০%) | • ক্লিপিংসসমূহ ডিজিটাল পদ্ধতিতে স্ক্যান করে সংরক্ষণ করা সম্ভব হচ্ছ।<br>• সাল, মাস, তারিখসহ বিষয়ভিত্তিক ক্লিপিংস সংরক্ষণ করা হচ্ছে।<br>• কম জনবলে স্বল্পসময়ে ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা সম্ভব হচ্ছে।<br>• কর্তৃপক্ষের চাহিদা অনুসারে পূর্বের যে কোন পত্রিকার ক্লিপিংস দ্রুত খুঁজে পাওয়া এবং স্বল্পসময়ে সরবরাহ করা সম্ভব হচ্ছে।<br>• সাংবাদিক, মিডিয়াকর্মী, গবেষক, ছাত্র বা জনসাধারণের ব্যবহারের জন্য এসব ক্লিপিংস দ্রুত প্রাপ্তি নিশ্চিত করা যাচ্ছে। |

অধিদপ্তরের নামঃ তথ্য কমিশন

পাইলটিং প্রকল্পের তালিকা

| ক্রমিক নং | পাইলটিং প্রকল্পের নাম | বিবরণ | ফলাফল |
|---|---|---|---|
| ০১ | আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেম | দেশের যে কোন নাগরিক অনলাইনে তথ্য প্রাপ্তির আবেদন আপীল ও অভিযোগ দায়ের করতে পারবেন। | কাজটি চলমান রয়েছে। এটুআই এ যাচাই-বাছাইয়ের জন্য প্রেরণ করা হয়েছে। |